

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

## ২০২০ সালের মধ্যে অধিক রেঞ্জের সমুদ্রগবেষণা ও জরিপ-জাহাজ সরবরাহে FAO এর আশ্বাস

তথ্যবিবরণীঃ

ঢাকা, ১২ ফেব্রুয়ারি, ২০১৯:

জাতিসংঘের Food and Agriculture Organisation (FAO) এর ৩-সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধিদল আজ মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী আশরাফ আলী খান খসরুর সাথে দ্বিপাক্ষিক বৈঠকে বাংলাদেশের সমুদ্রসীমায় মৎস্য গবেষণা, উন্নয়ন ও মৎস্যসহ সমুদ্রসম্পদ আহরণের লক্ষে ২০২০ সালের মধ্যে অধিক রেঞ্জের একটি মৎস্য গবেষণা ও জরিপ জাহাজ সরবরাহের আশ্বাস দেন।

উল্লেখ্য যে, মন্ত্রণালয় কর্তৃক ইতিপূর্বে কেনা সমুদ্র গবেষণা ও জরিপ জাহাজটির পক্ষে সমুদ্রের গভীরে ২০০ ফুটের অধিক পর্যন্ত জরিপের সক্ষমতা না থাকায় সমুদ্রের ৩০০-৪০০ ফুট গভীরে জরিপ ও গবেষণায় সক্ষম একটি ফ্রিগেড সংগ্রহে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় FAO এর সহযোগিতা চেয়েছে।

এই বৈঠকে FAO এর প্রতিনিধিরা মৎস্যখাতের উন্নয়নে GEF ফান্ডে গৃহীত একটি প্রকল্পে প্রতিমন্ত্রীর সহযোগিতা চাইলে তিনি সর্বাঙ্গিক সহযোগিতার আশ্বাস দেন। বাংলাদেশে বসবাসরত রোহিঙ্গাদের কল্যাণে FAO ও WFP এর সহযোগিতায় প্রণীত প্রকল্পেও তারা মন্ত্রণালয়ের সহযোগিতা চান। প্রতিমন্ত্রী এক্ষেত্রেও সহযোগিতার আগ্রহপ্রকাশ করেন।

বৈঠকে দেশের ব্লু-ইকোনমি এবং সমুদ্রের তলায় লুকায়িত বিশাল সম্পদ-আহরণের ব্যাপারছাড়াও Seaweed এবং প্রাণিসম্পদের উন্নয়নে বিস্তারিত আলোচনা হয়। বাংলাদেশ এক্ষেত্রে জ্ঞান ও প্রযুক্তিগত সহযোগিতা চাইলে FAO এর পক্ষে তারও আশ্বাস দেয়া হয়।

বৈঠকে অন্যান্যের মধ্যে FAO এর বাংলাদেশের প্রতিনিধি Robert Douglas Simpson, বাংলাদেশের সহকারি প্রতিনিধি (programme) Nur Ahmed Khondker ও Programme Officer Halima Neyamat এবং মন্ত্রণালয়ের যুগ্মসচিব (ব্লু-ইকোনমি) তৌফিকুল আরিফ উপস্থিত ছিলেন।

মোঃ শাহ আলম,

পিতারও-সিনিয়র ইনফরমেশন অফিসার

০১৫১১৬৭৭৬৭৮, ০১৮৪২৬৭৭৬৭৮